

৩য় অনুরোধ পত্র

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৬৬.০৬.০১.১৩২.১৬-০৭

তারিখ: ০১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি, ২০২০ খ্রি.

বিষয় : টাঙ্গাইল জেলার গোপালপুর উপজেলাধীন জোত আতাউল্লা দাখিল মাদ্রাসার কম্পিউটার শিক্ষক জনাব মো: হারুন অর রশিদের অডিট আপত্তি সম্পর্কিত প্রমাণক টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০১.১২৩.১৭-২১৪, তারিখ: ১৭.১২.২০১৯ খ্রি।  
০২. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০১.১২৩.১৭.২১৪-৫৬৫, তারিখ: ২৫.১০.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার গোপালপুর উপজেলাধীন জোত আতাউল্লা দাখিল মাদ্রাসার কম্পিউটার শিক্ষক জনাব মো: হারুন অর রশিদ-এর অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত বিষয়গুলো সম্পর্কে ডিজি, ডিএমই কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রমের প্রমাণক টিএমইডি-তে প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ ও ০২ নং স্মারকমূলে পত্রের মাধ্যমে অনুরোধ করা সত্ত্বেও তা অদ্যাবধি টিএমইডি-তে পাওয়া যায়নি।

(ক) জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) স্মারক নং-নেকটার/বগ/বে:প্র:/২১৭/৮৭-০২অংশ(১১)-৮৪৮, তারিখ: ১২/১০/২০১৫ সংখ্যক পত্রমূলে “সনদপত্রটি জাল/ভূয়া” প্রমাণিত হওয়ায় কম্পিউটার শিক্ষক জনাব মো: হারুন অর রশিদ-এর শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্তি এবং এমপিও উত্তোলন সঠিক নয় মর্মে স্পষ্ট;

(খ) তৎপ্রেক্ষিতে জনাব মো: হারুন অর রশিদ কর্তৃক গৃহীত (এমপিও বাবদ) সাকুল্য টাকা উদ্ধারক্রমে (যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক) সরকারি কোষাগারে জমাদান নিশ্চিতক্রমে প্রমাণক কারিগরি শিক্ষা বিভাগে প্রেরণ করা;

(গ) সনদ জালিয়াতির কারণে জনাব মো: হারুন অর রশিদ-এর বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজু করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-কে অবহিত করা;

০২. ২য় বার অনুরোধ সত্ত্বেও চাহিত তথ্য টিএমইডি-তে প্রেরণ না করায় তথ্য প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে ৩য় বারের মতো অনুরোধ করা।

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত মতে চাহিত প্রমাণক টিএমইডি-তে প্রেরণ না করার কারণ জানানোসহ আগামী ৩০.০১.২০২০ খ্রি. তারিখের মধ্যে উক্ত বিষয়ে পুন: প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রমাণক টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য ৩য় বারের মতো মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন : ৯৫৭৫২৭২


মহাপরিচালক,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,  
রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.০৬৬.০৬.০১.১৩২.১৬-০৭

তারিখ: ০১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি, ২০২০ খ্রি.

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।

  
১৫.০১.২০  
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)